দৈনিক ইত্তেফাক

64

তারিখ ... 04 FEB 1990
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬

২৫

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপনে এডিবি'র আড়াই লক্ষ ডলার মঞ্জুরী

ম্যানিলা হইতে এএফপি: এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) একটি উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপনের ব্যাপারে প্রস্তুতি গ্রহণের জন্য কারিগরি মঞ্জুরি হিসাবে বাংলাদেশের জন্য ২ লক্ষ ৫০ হাজার ডলার অনুমোদন করিয়াছে। উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপন সংক্রান্ত প্রকল্প প্রণয়নের কার্যে মঞ্জুরিকৃত এই অর্থ ব্যয় করা হইবে।

( ৪র্থ পৃঃ দ্রঃ)

### উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপনে

(৩য় পৃঃ পর)

ম্যানিলার ভিত্তিক ব্যাংকের পক্ষ হইতে বলা হইয়াছে, যাহারা প্রচলিত ধারায় স্কুল ও শিক্ষকদের নিকট শিক্ষা লাভ করিতে পারে না টেলিভিশন, রেডিও এবং মুদ্রিত বই পুস্তকের মাধ্যমে তাহাদের শিক্ষা প্রদানের জন্য এই অর্থ কাজে লাগানো হইবে।